

## ‘ময়ূর সিংহাসন’ নিয়ে তমালিকার মঞ্চে ফেরা

ক্ষুরধার অভিনয় দক্ষতা তমালিকা কর্মকারের। অন্যরকম সৌন্দর্য ও গুণের মিশেলে নিজের সময়কার অভিনয় শিল্পীদের চেয়ে হয়ে উঠেছিলেন আলাদা। ছিলেন ছোটপর্দার বড় তারকা। মঞ্চেও ছিলেন দাপুটে। খ্যাতি যশ কোনোটাই কম ছিল না। এতকিছু পেয়েও পাড়ি জমান যুক্তরাষ্ট্রে। থিতু হয়েছেন দেশটিতে। তবে নাড়ির টান ভুলতে পারেননি। ছুটে আসেন নিজের দেশে। মিশে যান নিজের অভিনয় ও অভিনয়ের মানুষজনের সঙ্গে। এবারও তাই হয়েছে। বছর দেড়েক পর ঢাকায় এসেছেন তমালিকা। ‘ময়ূর সিংহাসন’ নাটক দিয়ে মঞ্চে ফিরেছেন। নাটকটি মঞ্চস্থ হয়েছে বিশেষ উপলক্ষ্যে। আরণ্যকের সাবেক প্রধান সমন্বয়ক ছিলেন প্রয়াত নাট্যব্যক্তিত্ব মান্নান হীরা। তার ৬৭তম জন্মোৎসব উপলক্ষ্যে নাটকটির বিশেষ প্রদর্শনীতে মঞ্চে উঠেছিলেন তমালিকা।

ময়ূর সিংহাসনের সঙ্গে তমালিকার সম্পর্ক আজকের না। আরণ্যকে নাটকটি মঞ্চস্থের শুরু থেকেই আছেন তিনি। সবমিলিয়ে ময়ূর সিংহাসনের প্রদর্শনী হয়েছে ১২০ বার। যারমধ্যে মাত্র ৮টি শো হয়েছে তমালিকাকে ছাড়া। বাকি ১১২টিতেই ছিলেন তমালিকা। নাটকটির রচিয়তাও মান্নান হীরা। ৭ জুলাই শাহ আলম দুলালের নির্দেশনায় বাংলাদেশ শিল্পকলা একাডেমির জাতীয় নাট্যশালার মূল মিলনায়তনে নাটকটি মঞ্চস্থ হয়।

তমালিকা বলেন, ‘শতাধিক শো করলেও আজও প্রথম দিন শো করলেও যে ভয় হয় সেরকম লাগে। মাঝের কয়েক বছর দেশের বাইরে থাকায় অভিনয় থেকে দূরে ছিলাম। তবে একটা সংলাপও ভুলিনি। মঞ্চ আমার প্রাণের জায়গা। এখানে অভিনয় করে আমি শক্তি সাহস ও অনুপ্রেরণা পাই। দেশের বাইরে থাকলেও তাই মঞ্চের অভিনয়টা মিস করি।’

আরও বলেন, ‘কী যে মিস করি বোঝাতে পারব না। কখনও কান্না পায়। অভিনয়শিল্পী তো আজীবনই অভিনয় করতে চান। ভালো কাজের প্রস্তাব পেলে আমেরিকা থেকে ছুটে আসব। অভিনয়ের টানে মাসে একবার আসতেও আপত্তি নেই।’

## ১৭ বছর পর সিনেমায় শাওন

মেহের আফরোজ শাওন অভিনয়, গানে প্রমাণ করেছেন নিজেকে। সংগীতে তেমন পাওয়া না গেলেও রাষ্ট্র ঠিকই করেছে তার গুণের কদর। দিয়েছে জাতীয় চলচ্চিত্র পুরস্কার। এবার চলচ্চিত্রে ফিরছেন দীর্ঘ ১৭ বছর পর। শাওনের শুরুটা অভিনয় দিয়ে হয়েছিল। হুমায়ূন আহমেদের নাটকে অভিনয় করে পান জনপ্রিয়তা। ‘নক্ষত্রের রাত’, ‘উড়ে যায় বকপক্ষী’ তার প্রমাণ। লেখকের কয়েকটি সিনেমায়ও কাজ করেন। ‘দুই দুয়ারী’, ‘চন্দ্রকথা’, ‘শ্যামল ছায়া’ ও ‘আমার আছে জল’ সিনেমাগুলোতে শাওনের অভিনয় দেখে তৃপ্তি পেয়েছেন দর্শক।

হুমায়ূন পরবর্তী সময়ে তার লেখা নাটক সিনেমা পরিচালনা করতেও দেখা গেছে শাওনকে। কিন্তু বড়পর্দার জন্য আর দাঁড়াননি ক্যামেরার সামনে। এরমধ্যে কেটে গেছে ১৭টি বছর। দীর্ঘ এই বিরতি শাওন ভাঙছেন ফাখরুল আরেফীন খানের ‘নীল জোছনা’ নামের একটি সিনেমার মাধ্যমে। শুধু চলচ্চিত্র না, অভিনয় থেকেও শাওনের দূরের থাকার গল্পটা লম্বা। সবশেষ ২০১১ ‘স্বর্ণকলস’ নাটকে দেখা গিয়েছিল তাকে। এরপর ১৩ বছর কেটে গেছে। ক্যামেরার সামনেই দাঁড়ান না তিনি।

দীর্ঘ সময় পর ফেরা নিয়ে বেশ উচ্ছ্বসিত শাওন। তার কথায়, ‘প্যারাসাইকোলজি বিষয় নিয়ে নির্মিত হচ্ছে নীল জোছনা। এতে আমাকে শহুরে এক নারীর চরিত্রে দেখা যাবে। গল্প ও চরিত্র পছন্দ হওয়ায় কাজটির সঙ্গে যুক্ত হওয়া। দীর্ঘদিন পর সিনেমার শুটিং করব। তবে প্রযোজক ও পরিচালকের পলিসিগত কারণে এখনই সিনেমা কিংবা আমার অভিনীত চরিত্রটি নিয়ে বিস্তারিত বলতে চাইছি না।’

ছবিতে শাওনের সঙ্গে পর্দা ভাগ করবেন টলিউড অভিনেত্রী পাওলি দাম। আরও অভিনয় করেছেন তারিক আনাম খান, ইন্তেখাব দিনার, পার্থ বড়ুয়া, এস এম নাঈম প্রমুখ। ছবিটি নির্মিত হবে মোশতাক আহমেদের প্যারাসাইকোলজি-বিষয়ক উপন্যাস ‘নীল জোছনার জীবন’ অবলম্বনে। ফাখরুল আরেফীন এর আগে ‘ভুবন মাঝি’, ‘গণ্ডি’ ও ‘জেকে ১৯৭১’ নামে ৩টি সিনেমা নির্মাণ করেছেন। শাওনকে নিয়ে এবার নির্মাণ করছেন ‘নীল জোছনার জীবন’ নামের চতুর্থ সিনেমা।



# বিগ বসে সালমানের অভাব পূরণ করতে কি পারবেন অনিল কাপুর?



বলিউড তারকাদের যত ব্যস্ততা শুধু সিনেমা নিয়ে। অনেকে এরকম ভেবে থাকেন। তবে শুধু বড় পর্দা নিয়েই ব্যস্ত থাকেন না তারা। সময় দেন সিনেমার বাইরে বিভিন্ন রকম বিবিনোদনমূলক অনুষ্ঠানে। সেসব অনুষ্ঠানগুলো তাদের নামের ওপর ভর করেই  বিখ্যাত হয়। অমিতাভ বচ্চনের কৌন বনেগা ক্রোড়পতি, করণ জোহরের কফি উইথ করণের কথা উল্লেখ করা যায়। বলিউড ভাইজান সালমানও রয়েছেন এ তালিকায়।  বিগ বস নামের একটি শো উপস্থাপনা করেন তিনি। সেটি ভাইজানের কারণেই জনপ্রিয়তার তুঙ্গে। আর আজকাল তো তাকে ছাড়া ভাবাই যায় না। তবে এবার তাকে ছাড়াই ভাবছে আয়োজকরা। আগেই গুঞ্জন শুরু হয়েছিল সালমান নয় এবার বিগ বস উপস্থাপন করবেন অনিল কাপুর।

বিষয়টি সালমান ভক্তরা মানতে না পারলেও আয়োজকবৃন্দ জানিয়েছেন, এবার অনিল কাপুরকে ভাবছেন তারা। এদিকে অনুষ্ঠানটির উপস্থাপক হিসেবে নিযুক্ত হওয়ায় বেশ উচ্ছ্বসিত অনিল। তার কথায়, 'বিগ বস ওটিটি আর আমি যেন একটা স্বপ্নের দল। দুজনেই তরুণ। কারণ, মানুষ বলেন আমার নাকি বয়স কমছে।' একই প্রসঙ্গে তিনি আরও বলেন, 'আমার কাছে বিষয়টা অনেকটা স্কুলে যাওয়ার মতো। নতুন একটা জিনিস। আমার সব কাজেই নিজের সেরাটা দেওয়ার চেষ্টা করি। বিগ বসের ক্ষেত্রেও তার অন্যথা হবে না।' এর আগে কখনও উপস্থাপনা করতে দেখা যায়নি মিস্টার ইন্ডিয়াকে। অবশ্য পর্দায় উপস্থাপক হিসেবে অভিনয় করেছিলেন। অভিজ্ঞতা বলতে সেটুকুই। অস্কারজয়ী সিনেমা স্লামডগ মিলিয়নিয়ারে অনিলকে দেখা গিয়েছিল উপস্থাপকের চরিত্রে।

এদিকে এবার দিয়ে তৃতীয়বারের মতো উপস্থাপক বদল হলো বিগ বসে। এবার সালমানের বিদায়ের পালা। দেখার বিষয় সালমান খানের শূন্যতা কতটা পূরণ করতে পারেন অনিল কাপুর।

# নোরার ব্যাগের দাম ৪০ লাখ

নোরা ফাতেহি সিনেমা বা আইটেম গান, যেখানে হাত দেন সেখানেই যেন সোনা ফলে। ক্যারিয়ারের শুরু থেকেই ভাগ্যদেবতা তার অনুকূলে ছিল। পাদপ্রদীপের আলোয় আসতে সময় লাগেনি। মরোক্কান-কানাডিয়ান এই সুন্দরীর সৌন্দর্যের পূজারীর অভাব নেই। একটি আইটেম গানে পারফর্ম করতে উচ্চমূল্য হাকেন নোরা। তার ব্যবহার্য জিনিসপত্রও তেমনই চড়া দরের।

সম্প্রতি এ আইটেম গার্লের একটি ভিডিও সামাজিকমাধ্যমে ছড়িয়ে পড়েছে। সেখানে দেখা গেছে স্টুডিও থেকে একটি ব্যাগ কাঁধে বের হচ্ছেন নোরা। এরপর থেকেই চলছে আলোচনা। এবার তার চেয়ে তার ব্যাগের প্রতি আগ্রহটা বেশি নেটিজেনদের। চাউর হয়েছে ব্যাগটির মূল্য প্রায় অর্ধ কোটি টাকা। এ ব্যাপারে সিয়াসাত ডটকম কিছু তথ্য দিয়েছে। সেখান থেকে জানা গেছে আইটেম গার্লের ব্যাগটি তৈরি করেছে হারমিস ব্র্যান্ড। এটি বিশ্ববাজারে অন্যতম বিলাসবহুল একটি ব্র্যান্ড। নাম হার্মিস বার্কিন বিস্কুট সুইফট ব্যাগ। যার দাম ২৯ লাখ রুপি। বাংলাদেশি টাকায় হিসাব করলে দাঁড়ায় ৪০ লাখ ৭৪ হাজার টাকার মতো।

